



লেবাননে ইসরায়েলি বিমান হামলায় নিহত ৩



সংগৃহীত ছবি

দুই দফা যুদ্ধবিরতি এবং আন্তর্জাতিক পর্যায়ের বিভিন্ন উদ্যোগের পরও লেবাননে হামলা অব্যাহত রেখেছে ইসরায়েল।

রোববার (১৪ জুন) ভোর থেকে দেশটির বিভিন্ন এলাকায় ড্রোন হামলা ও গোলাবর্ষণের ঘটনায় অন্তত ৩ জন নিহত হয়েছেন। নিহতদের মধ্যে রিহান ও টায়ার এলাকার একজন মেয়রও রয়েছেন বলে জানা গেছে।

স্থানীয় সূত্রগুলো জানিয়েছে, ভোরের পর থেকে দক্ষিণ লেবাননের কয়েকটি এলাকায় থেমে থেমে হামলা চালায় ইসরায়েলি বাহিনী। এতে বেশ কয়েকটি স্থাপনা ক্ষতিগ্রস্ত হয় এবং হতাহতের ঘটনাও ঘটে।

এদিকে হামলার জবাবে পাল্টা প্রতিরোধের দাবি করেছে হিজবুল্লাহ। সংগঠনটির এক বিবৃতিতে বলা হয়েছে, ইসরায়েলি সেনাবাহিনীর দুটি সামরিক অবস্থান লক্ষ্য করে ড্রোন হামলা চালানো হয়েছে এবং সেগুলো নির্ধারিত লক্ষ্যবস্তুতে আঘাত করেছে।

লেবাননের সঙ্গে যুদ্ধবিরতি কার্যকর হওয়ার পরও ইসরায়েল হামলা বন্ধ করেনি বলে অভিযোগ রয়েছে। এমনকি প্রথম দফার যুদ্ধবিরতি চুক্তি ঘোষণার কিছু সময়ের মধ্যেই দেশটির বিভিন্ন স্থানে নতুন করে হামলা চালানোর অভিযোগও উঠেছে।

সম্প্রতি ইরানের সঙ্গে সম্ভাব্য একটি আন্তর্জাতিক সমঝোতায় লেবাননে হামলা বন্ধের বিষয়টি আলোচনায় এলেও তা মানার কোনো ইঙ্গিত দেয়নি তেলআবিব। ফলে যুদ্ধবিরতির ঘোষণা থাকলেও মাঠের পরিস্থিতিতে উত্তেজনা ও সংঘাত এখনো অব্যাহত রয়েছে।